যৌথ প্রেস রিলিজ: 7তম ভারত-ইইউ কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা বৈঠক

ভারত এবং ইউরোপীয় ইউনিয়নের মধ্যে 09 নভেম্বর 2026 তারিখে নয়া দিল্লিতে 7তম ভারত-ইউরোপীয় ইউনিয়ন কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা বৈঠক (এসপিআরএম) অনুষ্ঠিত হয়। এই বৈঠকে সহ-সভাপতিত্ব করেন বিদেশ মন্ত্রকের সচিব (পশ্চিম) শ্রী সিবি জর্জ এবং ইউরোপীয় এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের জিওইকোনমিক্স এবং ইন্টারইনস্টিটিউশনাল বিষয়ক ডেপুটি সেক্রেটারি জেনারেল শ্রী মাত্তি মাশিকাস।

2. উভয় পক্ষ ভারত-ইইউ সম্পর্কের অত্যন্ত ইতিবাচক অগ্রগতিকে স্বাগত জানায় এবং 27 জানুয়ারি 2026 তারিখে নয়াদিল্লিতে অনুষ্ঠিত 16তম ভারত-ইইউ সামিটে গৃহীত যৌথ ব্যাপক কৌশলগত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতিও পর্যালোচনা করে।

3. উভয় পক্ষ বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপ পর্যালোচনা করে যার মধ্যে ভারত-ইইউ মুক্ত বাণিজ্য চুক্তি যথাসময়ে স্বাক্ষর ও কার্যকর করার বিষয়টিও অন্তর্ভুক্ত ছিল এবং বিনিয়োগ সুরক্ষা চুক্তি এবং ভৌগোলিক নির্দেশক সংক্রান্ত চুক্তি চূড়ান্ত করার লক্ষ্যে আলোচনা অব্যাহত রাখার বিষয়ে মতবিনিময় হয়। এছাড়াও, সরবরাহ শৃঙ্খল ও অর্থনৈতিক নিরাপত্তা আরও শক্তিশালী করার বিষয়েও আলোচনা হয় এবং এই প্রসঙ্গে বাণিজ্য ও প্রযুক্তি পরিষদ (টিটিসি) এবং ব্লু ভ্যালিজ উদ্যোগের আওতায় কৌশলগত সহযোগিতা সম্পর্কেও মতবিনিময় করা হয়।

4. উভয় পক্ষই ক্লিন ট্রানজিশন উন্নত করার জন্য তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে এবং এই বিষয়ে গৃহীত পদক্ষেপগুলি পর্যালোচনা করে, এছাড়াও ইউরোপীয় ইউনিয়নের জাহাজ পুনর্ব্যবহার সংক্রান্ত বিধি মেনে চলে এমন ভারতীয় জাহাজ পুনর্ব্যবহার কেন্দ্রগুলিকে তাদের অনুমোদিত জাহাজ পুনর্ব্যবহার কেন্দ্রের তালিকায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সহযোগিতা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়েও সম্মত হয়।

5. উভয় পক্ষ কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), কোয়ান্টাম প্রযুক্তি, ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার (ডিপিআই), উন্নত সেমিকন্ডাক্টর, ক্লিন টেক এবং বায়োটেকনোলজি সহ গুরুত্বপূর্ণ ও উদীয়মান প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলোচনা করে এবং অনুকূল ডিজিটাল পরিবেশ গড়ে তোলা এবং ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচারের (ডিপিআই) প্রসারে গৃহীত বিভিন্ন উদ্যোগ নিয়েও মতবিনিময় হয়। গবেষণার ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করার বিষয়ে উভয় পক্ষ সন্তোষ প্রকাশ করে, এর মধ্যে হরাইজন ইউরোপ কর্মসূচিতে ভারতের সম্ভাব্য অংশগ্রহণের বিষয়টিও অন্তর্ভুক্ত ছিল।

6. উভয় পক্ষ গ্লোবাল গেটওয়ে, ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডর (আইএমইসি) এবং ক্লিন এনার্জি, জলবায়ু সহনশীলতা, পরিবেশবান্ধব পরিবহণ ও ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রে ত্রিপাক্ষিক প্রকল্প সহ সংযোগ ব্যবস্থার অংশীদারিত্ব আরও জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করে। এছাড়াও, কার্যকর বিশ্বব্যাপী শাসনব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পারস্পরিক সমন্বয় ও সহযোগিতা আরও বাড়ানোর বিষয়েও সম্মত হন।

7. উভয় পক্ষ প্রতিভা বিনিময়, শিক্ষা ও দক্ষতা উন্নয়ন-সহ বিভিন্ন ক্ষেত্রে জনগণের মধ্যে যোগাযোগ ও আদান-প্রদান আরও বাড়ানোর বিষয়ে মতবিনিময় করে এবং ইউরোপীয় লিগ্যাল গেটওয়ে অফিসের অগ্রগতি সম্পর্কিত তথ্য পর্যালোচনা করে। ভারত-ইইউ মানবাধিকার সংলাপের পরবর্তী পর্ব আয়োজনের বিষয়েও উভয় পক্ষ আগ্রহ প্রকাশ করে।

8. বিশ্বস্ত, নির্ভরযোগ্য ও অভিন্ন দৃষ্টিভঙ্গির অংশীদার হিসেবে উভয় পক্ষ ভারত-ইউরোপীয় ইউনিয়ন কৌশলগত অংশীদারিত্বকে আরও গভীর করার পাশাপাশি পারস্পরিকভাবে লাভজনক, সুনির্দিষ্ট ও সুদূরপ্রসারী ফলাফল অর্জনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। এই বৈঠকে নেতৃবৃন্দ পর্যায়ে ভবিষ্যতে অনুষ্ঠিত হতে চলা বৈঠকগুলির প্রস্তুতিও পর্যালোচনা করা হয়। আগামী বছর পারস্পরিক সুবিধাজনক তারিখে ব্রাসেলসে পরবর্তী কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা বৈঠক আয়োজনের বিষয়ে সম্মতি জানানো হয়।

নয়া দিল্লি

09 নভেম্বর, 2026